# PILANI INVESTMENT AND INDUSTRIES CORPORATION LIMITED

CIN : L24131WB1948PLC095302

REGD. OFFICE : BIRLA BUILDING, 9/1, R. N. MUKHERJEE ROAD, KOLKATA-700001

Email : pilani@pilaniinvestment.com, TELEPHONE : 033 4082 3700 / 2220 0600, Website : www.pilaniinvestment.com

10th April, 2026

The Manager,
Listing Department
National Stock Exchange of India Ltd.
"Exchange Plaza", Plot No. C/1, G Block
Bandra Kurla Complex, Bandra (East)
Mumbai – 400 051

The Manager (Listing)
BSE Ltd.
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street,
Mumbai-400 001

**Sub: Newspaper Publication**

**Ref: Scrip Code: NSE: PILANIINVS :: BSE: 539883:: ISIN: INE417C01014**

Dear Sir,

Please find enclosed herewith the copy of newspaper publication regarding 'Special Window - Re-lodgement for Transfer and Dematerialisation of Physical Securities,', in accordance with SEBI Circular No HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 dated 30th January, 2026 published in Financial Express (English daily) and in Aajkal (Bengali daily) on Friday, 10th April, 2026.

The above information is also being made available on the website of the Company at www.pilaniinvestment.com.

You are kindly requested to take the same on record.

Thanking you,

Yours faithfully,

**For Pilani Investment and Industries Corporation Limited**

Digitally signed by RAJKUMAR SINGH KASHYAP
Date: 2026.04.10 12:02:38 +05'30'

**Company Secretary**

*Encl: As above*

# এখন বাংলা ছবিতে বাজার করার লোক আর রাঁধুনি নেই

**একের পর এক ব্লকবাস্টার ছবির পরিচালক আবার পরিচালনায়। প্ল্যাটফর্ম ৮–এর নতুন সিরিজেই হরনাথ চক্রবর্তীর ইচ্ছেপূরণ? নতুন কাজ, বাংলা ছবি, ইন্ডাস্ট্রি নিয়ে সপাট পরিচালক, শুনলেন শ্যামশ্রী সাহা**



কাট টু কাট

**‘ইচ্ছেপূরণ’-এর গল্পটাই কি আপনাকে আবার টেনে আনল?**


➧ আধুনিক যুগের একটা ইয়ং ছেলের জার্নি, পরিবার নিয়ে তার বেঁচে থাকার লড়াই, যন্ত্রণা পেরিয়ে ছেলেটির দেখা স্বপ্ন কি আদৌ পূরণ হবে? এটাই গল্পের কাঠামো। সব পরিবারেই এরকম ঘটনা থাকে, এখন ওটিটিতে থ্রিলার, খুন, রক্তারক্তির গল্পই বেশি, এই গল্পটা সাধারণ, সুস্থ মধ্যবিত্ত পরিবারের গল্প। সেইজন্যই তো এই কাজটা করেছি। একটা সুন্দর গল্প বলার চেষ্টা করেছি। আমার মনে হয় দর্শকের ভাল লাগবে। এতদিন তো দর্শকের জন্যই কাজ করেছি, আবার করলাম।

**যাদের নিয়ে কাজ করলেন, এই প্রজন্মের অভিনেতা, কেমন দেখলেন?**

➧ খুব ভাল। আমি ওদের সঙ্গে কাজ করে খুব হ্যাপি। দেবরাজ, ঈশানী, কোরক, শঙ্কর সবাই খুব ভাল।

**একের পর এক সুপারহিট ছবির পরিচালক আপনি, এখন ওটিটি-র যুগ, এই পরিবর্তন কীভাবে দেখছেন?**

➧ তিন-চারটে জেনারেশন কাজ করলাম, সিস্টেমের প্রচুর পরিবর্তন হয়েছে, সিনেমার সংখ্যা,কাজ করার পরিধি কমে গিয়েছে। নতুন ধারা এখন ওটিটি। দর্শক হলে সিনেমা দেখতে যাচ্ছে না, বাড়িতে বসে বা মোবাইলে সিনেমা, সিরিজ দেখছে। দর্শকের যদি ভাল লাগে কাজ করতে হবে। তবে সিনেমাও করব।



**দর্শক সিনেমাহলে যাচ্ছে না কেন, শুধুই ওটিটিতে দেখতে পাচ্ছে বলে?**

➧ ভাল ছবি না হলে কেন দেখতে যাবে? ছবি তো ভাল হচ্ছে না। গল্প নেই, মাথামুণ্ডু নেই, সিনেমার প্রতি ভালবাসা বা প্যাশন নেই, সেইরকম প্রোডিউসারও এখন নেই। এখন কোনওরকমে একটা ব্যবসা করলেই হল, বিক্রি করতে হবে। এখন তো ডিজিটালের যুগ, অনেক রাস্তা আছে বেচার।

**অন্যধারার ছবিও তো হচ্ছে?**

➧ না কমার্শিয়াল, না আর্ট। মাঝামাঝি একটা ধারার ছবি হচ্ছে। ডিজিটালের যুগে এখন তো সবাই খুব সহজেই ডিরেক্টর হয়ে যাচ্ছে। সিনেমার নামও তো কেমন যেন! ইন্টেলেকচুয়াল ছবি হোক, কিন্তু সাধারণ দর্শকের কথা ভেবে ছবি কোথায় হচ্ছে? জগাখিচুড়ি মার্কা ছবি হচ্ছে।

**এখন ছবিতে ‘লার্জার দ্যান লাইফ’, কী বলবেন?**

➧ এসব খেলা আমরা অনেক খেলেছি। চারটে ইংরিজি কথা বলে দিলেই বড় ডিরেক্টর হওয়া যায় না। আমার ছবিতেও ২০০১-এ ক্যানন ব্লাস্টিং, গাড়ি ওড়ানো দেখিয়েছি। এখন তো সব এআই আর গ্রাফিক্সে করছে। সেই ২০০১-এ ‘লার্জার দ্যান লাইফ’ দেখিয়ে দিয়েছি। ‘সংঘর্ষ’, ‘প্রতিবাদ’, ‘তুলকালাম’-এর মতো ছবি করে দেখাক। আমার গল্পে কমেডি, রোম্যান্স, ইমোশন, অ্যাকশন-এর সঙ্গে একটা মেসেজও থাকত। এখনকার পরিচালকরা এরকম ছবি করার কথা ভাবছে না কেন? আমরা তো পুরনো দিনের পরিচালকদের কাজ দেখেই শিখেছি।

**এখন দেখে না?**

➧ দেখে কিনা তারাই জানে।

**আপনি তো এখনকার পরিচালকদের কাজ দেখেন, অনেক প্রিমিয়ারে আপনাকে দেখা যায়**

➧ ভাল-মন্দ সব ছবি দেখতে হয়। দেখতে ব্যস্ত। এইভাবে নোংরামি করে পয়সা রোজগার, লাভটা কী? আর ফেসবুকের দৌলতে নিজেদের ঢাক নিজেরাই পেটাচ্ছে।

**আপনার ছবিতে যাঁদের ডেবিউ, তাঁদের ছবি দেখেন?**

কত নাম। কে নেই, অনেকেই ভাল কাজ করছে।

**এখন ছবি করলে কাস্টিং-এ কাদের নাম প্রথমেই ভাববেন? রঞ্জিত মল্লিক তো থাকবেই?**

➧ হ্যাঁ থাকবেই। ছবি করলে কমার্শিয়াল ছবিই করব। সবথেকে বড় কথা একটা মেসেজ থাকবে। তবে প্রোডিউসার যদি বলে দশ দিনে ছবি করতে হবে...

**এখন তো তাই হচ্ছে**

➧ তাহলে ছবি করব না। ওটিটিতে সিরিজ বানাব। সিনেমা তো দশদিনে করতে পারব না।



■ সিরিজ ইচ্ছেপূরণ–এর দৃশ্য

বাংলা ছবির দুরবস্থার কারণ, ভাল ছবি তৈরি হচ্ছে না। এখনকার ছবি দেখা যায় না। চিত্রনাট্য, সংলাপ, গান দুর্বল। গত পাঁচ বছরে কোন গান হিট করেছে আমাকে দেখান। পঁচিশ বছর পরেও ‘শ্বশুরবাড়ি জিন্দাবাদ’-এর গান হিট। ‘প্রজাপতি-২’ সবাই দেখছে। হলে হইহই করছে। ‘স্বার্থপর’ ও ‘বিজয়নগরের হীরে’ ভাল হয়েছে। খুব ভাল একটা ছবি চলছে ‘লক্ষ্মীর পা’। নন্দনে চলছে। সহজ সরল গল্প। দর্শক দেখছে। কিন্তু প্রচার নেই।

**অভাবটা কোথায়?**

➧ প্রযোজক-পরিচালকের অভাব। ভাল সুরকার, গীতিকার আছে। বাজার করার লোক আর রাঁধুনি নেই। এখন একটা ছবি সাতদিন চললে সাকসেস পার্টি হয়, তারপর প্রোডিউসার জঙ্গলে ঘুরে বেড়ায়। আমাদের ছবি ছমাস-একবছর চলত। তখন সিনেমাটা প্রোডিউসাররাও বুঝতেন।

**এখন তো সোশ্যাল মিডিয়ার সাপোর্টও আছে?**

➧ সেখানে তো রিল তৈরি হয়। অশ্লীল ভিডিও করে নিজেদের ইমেজ নষ্ট করছে। সবাই তাই

**শুধু ওটিটি করে কি হরনাথ চক্রবর্তীর মনের খিদে মিটবে?**

➧ কেন মিটবে না, ওটাও তো সিনেমা। তবে একটা পরিকল্পনা আছে। সেটা যদি সাকসেস হয়, বাংলা ছবিকে আবার তুলে আনা যাবে। সিনেমাহল তৈরি করতে হবে।


**আপনি মিনি সিনেমার কথা বলছেন?**

➧ হ্যাঁ। মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের দায়িত্বে তৈরি হচ্ছে। ওখানে আমিও আছি। পাড়ায় পাড়ায় ৪২ আসনের সিনেমাহল তৈরি হবে। সবাই হাঁটতে হাঁটতে হলে গিয়ে ছবি দেখবে। যে ছবিগুলো ভাল, কিন্তু হল পাচ্ছে না, সেই ছবিগুলো দর্শকের কাছে পৌঁছবে। খারাপ ছবিগুলো বন্ধ হয়ে যাবে।

রে টিং সে টিং

## বাংলা সেরায় জোড়া ফলা

চলতি সপ্তাহের টিআরপি তালিকায় একগুচ্ছ চমক! কোনটা ছেড়ে কোনটা দেখি এমন অবস্থা। যদিও সার্বিক ভাবে ধারাবাহিকগুলোর প্রাপ্ত নম্বর বেশ অনেকটা কমেছে। এমনকী ৬ টপকাতে পারেনি। তবে এর মধ্যেই কারা বেঙ্গল টপার হল আর কারা সেরা দশে রইল জেনে নিন। এই সপ্তাহেও টিআরপি টপার জি বাংলার হিট ধারাবাহিক ‘পরিণীতা’। রায়ান-পারুলের গল্প পেয়েছে ৫.৭ নম্বর। তবে প্রথম স্থানে এই ধারাবাহিক কেবল একা নেই। যুগ্ম ভাবে রয়েছে ‘তারে ধরি ধরি মনে করি’। হ্যাঁ, সকলকে চমকে পল্লবী শর্মা এবং বিশ্বরূপ বন্দ্যোপাধ্যায়ের ধারাবাহিক এক নম্বরে উঠে এসেছে। হবে নাই বা কেন! নায়ক, নায়িকার প্রেমে গল্পে যে জমে উঠেছে। দ্বিতীয় স্থানে রয়েছে ‘পরশুরাম আজকের নায়ক’। মাত্র ০.১ নম্বর কম পেয়ে দ্বিতীয় স্থান রয়েছে ইন্দ্রজিৎ বসু ও তৃণা সাহার এই ধারাবাহিক। পেয়েছে ৫.৬ নম্বর। ‘জোয়ার ভাঁটা’ তার জনপ্রিয়তা এবং টিআরপি তালিকায় স্থান ধরে রেখেছে। ৫.৫ নম্বর পেয়ে তিন নম্বরে রয়েছে। বর্তমানে গল্পে দেখানো হচ্ছে সরকারি পরীক্ষা দিয়ে উজির অফিসার হওয়ার লড়াই। অন্যদিকে নিশা তার অপরাধমূলক কাজ চালিয়ে যাচ্ছে। ৫.২ পেয়ে চার নম্বরে ‘ও মোর দরদিয়া’। বাবাকে খুন করার অপরাধে পুলিশ গ্রেফতার করেছে বাণীকে। হতে পারে তার ফাঁসির সাজাও। এই সময় অনিরুদ্ধ কি তাকে বাঁচাতে পারবে? সেটাই দেখার পালা এখন! ৫.০ পেয়ে পাঁচ নম্বরে যুগ্ম ভাবে ‘কুসুম’ এবং ‘রাঙামতী তীরন্দাজ’ পঞ্চম স্থানে রয়েছে। ‘কুসুম’ ধারাবাহিকে অকাল বসন্তের রং লেগেছে। আয়ুষ্মান কুসুমের প্রেমে পড়েছে। কিন্তু সেই সম্পর্কের পরিণতি কী হবে, সেটা জানতেই উন্মুখ দর্শক। ৪.৯ নম্বর পেয়েছে ছয় নম্বরে রয়েছে ‘লক্ষ্মী ঝাঁপি’। এই ধারাবাহিকের গল্পেও আসছে নতুন টুইস্ট। একদিকে ঝাঁপি গর্ভবতী, সঙ্গে ইনকাও। সবটা মিলিয়ে পরিণতি কী হয়, নজর সেদিকেই। সাত নম্বরেও রয়েছে জোড়া ধারাবাহিক। ৪.৭ পেয়েছে নতুন ধারাবাহিক ‘গঙ্গা’। সাহেব ভট্টাচার্য এবং হিয়া মুখোপাধ্যায় অভিনীত এই ধারাবাহিকের সঙ্গেই আছে ‘প্রোফেসর বিদ্যা ব্যানার্জি’। আগে সেরা পাঁচে থাকলেও বর্তমানে স্বস্তিকা দত্তর এই ধারাবাহিকের প্রাপ্ত নম্বর এবং স্থান বেশ কমেছে। অষ্টম স্থানে ‘কনে দেখা আলো’। এই সপ্তাহে লাজু, অনুভবের গল্প পেয়েছে ৪.৬। নয় নম্বরে এবার তিনটি ধারাবাহিক! হ্যাঁ, একদমই তাই। ৩.৮ পেয়ে নবম স্থানে আছে ‘কম্পাস’। সঙ্গে ‘মিলন হবে কতদিনে’ এবং ‘চিরসখা’ ধারাবাহিকের প্রথম পনের মিনিটও যুগ্ম ভাবে একই নম্বর পেয়েছে। দশ নম্বর স্থানে রয়েছে ‘চিরদিনই তুমি যে আমার’। আর্য-অপর্ণা একে অন্যের থেকে দূরে যাচ্ছে। সংসার, স্বামীকে ছেড়ে চলে গিয়েছে নায়িকা। এদিকে দিশেহারা অবস্থা নায়কের। সব মিলিয়ে গল্প এখন টানটান। ‘চিরদিনই তুমি যে আমার’ এই সপ্তাহে ৩.৭ পেয়েছে।



■ ‘তারে ধরি ধরি মনে করি’-তে পল্লবী শর্মা




■ সান বাংলার লাখ টাকার লক্ষ্মীলাভ-এ আসছে পয়লা বৈশাখ স্পেশ্যাল পর্ব। ১৫ এপ্রিল, সন্ধে সাতটায়

## প্রকাশ্যে কোটর–এর ঝলক

বহু প্রতীক্ষিত বাংলা সিরিজ ‘কোটর’ আসছে শীঘ্রই। সিরিজটির পরিচালনা করেছেন অভ্রজিৎ সেন। অবশেষে ‘কোটর’-এর প্রথম ঝলক প্রকাশ্যে এল। তাতেই ফুটে উঠেছে এক রহস্যময় গল্পের আভাস, যেখানে প্রেম, গোপন সত্য এবং অপরাধ একে অপরের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে গেছে। প্রথম লুকেই ধরা পড়েছে এক গভীর সাসপেন্স, আবেগের টানাপোড়েন এবং এমন এক অন্ধকার রহস্য, যা চাপা পড়ে থাকতে চায় না।

কলকাতার এক সাধারণ পরিবারের প্রেক্ষাপটে নির্মিত ‘কোটর’ দেখাবে কীভাবে একটি মাত্র আবিষ্কার মানুষের জীবন এবং সম্পর্ককে অপ্রত্যাশিতভাবে ভেঙে দিতে পারে। সিরিজের প্রথম ঝলকে দেখা যাচ্ছে এক গম্ভীর আবহ, চরিত্রদের জটিল সম্পর্ক এবং অতীত ও বর্তমানের সংঘর্ষে তৈরি হওয়া উত্তেজনা।

কোটর সিরিজে মুখ্য ভূমিকায় থাকবেন গুড্ডি। অর্থাৎ শ্যামৌপ্তি মুদলি। এবং সৌম্য মুখোপাধ্যায়। এই সিরিজে শ্যামৌপ্তির চরিত্রের নাম ‘কথাকলি’। শ্যামৌপ্তি তাঁর এই কাজ প্রসঙ্গে বলেন, “পরিচালক অভ্রজিৎ সেনের সঙ্গে কাজ করা সত্যিই দারুণ অভিজ্ঞতা। উনি অভিনেতাদের নিজের মতো করে চরিত্র গড়ে তোলার স্বাধীনতা দেন, যা কাজের পরিবেশকে আরও স্বাচ্ছন্দ্যময় ও সৃজনশীল করে তোলে। গল্প আর আমার চরিত্র প্রথম শুনেই আমি এর সঙ্গে মানসিক ভাবে যুক্ত হয়ে পড়ি। কোনওভাবেই না বলতে পারিনি। পরিচিত সহ-অভিনেতাদের সঙ্গে কাজ করায় সেটে সহজেই রসায়ন গড়ে উঠেছিল।” তাঁর আরও সংযোজন, “নতুন ওটিটি প্ল্যাটফর্মে কাজ করার আলাদা উত্তেজনা থাকে, আর এই প্রজেক্ট আমাদের শিল্পী হিসেবে নিজেদের নতুন ভাবে আবিষ্কার করার সুযোগ দিয়েছে। এখন দর্শকদের প্রতিক্রিয়ার অপেক্ষায় আছি।”



■ সৌম্য মুখোপাধ্যায়



■ সুহোত্র মুখোপাধ্যায়



■ শ্যামৌপ্তি মুদলি

সৌম্য মুখোপাধ্যায়ের এই চরিত্রের নাম ‘সাম্য’। তিনি বলেন, “আমি যে চরিত্রগুলো করেছি তার মধ্যে এই চরিত্রটা আমার কাছে বিশেষ। অভ্রজিৎ, প্রদীপ চুড়িওয়াল স্যার, ঋকদা, অর্পণদা এবং পুরো টিমকে আমি কৃতজ্ঞ এই সুযোগের জন্য। দর্শকরা সিরিজটি দেখলে বুঝতে পারবেন, কেন আমি এই চরিত্র নিয়ে এতটা উত্তেজিত।”

এই সিরিজে থাকছে প্রেম ও থ্রিলারের এক দুর্দান্ত মিশ্রণ, যেখানে একটি শক্তিশালী প্রেমের ত্রিভুজ এবং গভীর রহস্য গল্পকে এগিয়ে নিয়ে যাবে। কোটর খুব শীঘ্রই সবসময় প্ল্যাটফর্মে মুক্তি পাবে, যা প্ল্যাটফর্মটির ক্রমবর্ধমান মৌলিক বাংলা কনটেন্টের ভাণ্ডারকে আরও সমৃদ্ধ করবে। মুক্তির তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে।

তথ্য সঙ্কলন: শ্যামশ্রী সাহা, স্নিগ্ধা দে


**যুনিয়ন বৈংক অঁফ ইণ্ডিয়া | Union Bank of India** — A Government of India Undertaking

**আঞ্চলিক কার্যালয় বৃহত্তর কলকাতা**
৩, মিডলটন রো, পার্ক স্ট্রিট, কলকাতা–৭০০০৭১

পরিশিষ্ট–IV [নিয়ম ৮(১)]
**দখল বিজ্ঞপ্তি**
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু: ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর নিয়ম ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতার প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক সুদ সমেত আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা, সহ–ঋণগ্রহীতা, জামিনদার এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উপরোক্ত নিয়মসমূহের নিয়ম নং ৮–সহ পঠনীয় উপরোক্ত আইনের ধারা ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লিখিত তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন নীচে প্রতি ঋণগ্রহীতার নামের পাশে উল্লিখিত অর্থাঙ্ক এবং এর ওপর সুদ ও চার্জ সমেত ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত আইনের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

| ক্রম নং | ক) বন্ধকদাতার নাম<br>খ) অ্যাকাউন্টের নাম<br>গ) শাখার নাম | সুরক্ষিত পরিসম্পদের বিবরণ | ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ) বকেয়া অর্থাঙ্ক (₹)<br>গ) দখলের তারিখ |
|---|---|---|---|
| ১. | ক) আবেদনকারী/ বন্ধকদাতা: মিঃ অমিতাভ উপাধ্যায় পিতা– জগন্নাথ উপাধ্যায়<br>খ) অমিতাভ উপাধ্যায়<br>গ) কলকাতা– বিধান নগর শাখা (৮১৮০৭১) | ভিট্রিফায়েড টাইলসের মেঝেযুক্ত একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট, ফ্ল্যাট নং ‘৫বি’, ৫ নং ফ্লোরে (দক্ষিণ–পশ্চিম অংশে), বহুতল ভবনটির নাম ‘শ্রীনিবাস’, ফ্ল্যাটটিতে রয়েছে দুটি বেডরুম, একটি লিভিং কাম ডাইনিং রুম, একটি রান্নাঘর, একটি শৌচালয় এবং একটি বারান্দা, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৬০৫ (ছশো পাঁচ) বর্গফুট, তৎসহ ৩ ফুট চওড়া রাস্তা সমেত দলিল মোতাবেক ভবনের নিম্নস্থিত সামান্য কমবেশি ৪ (চার) কাঠা শালি জমির (বাস্তবিকে জমির পরিমাপ সামান্য কমবেশি ৩ কাঠা ১১ ছটাক ২২ বর্গফুট) অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার যার স্থিতি ও বিবরণ: আর এস দাগ নং ৩০৮২, সি এস খতিয়ান নং ১১, ৪০০, ৮, ৯০০ ও ১০, আর এস খতিয়ান নং ২৭৩, মৌজা– কৃষ্ণপুর, জে এল নং ১৭, আর এস নং ১৮০, তৌজি নং ২২৮/২২৯, থানা– পূর্বতন রাজারহাট, বর্তমানে বাগুইআটি, রাজারহাট গোপালপুর পৌরসভার, নবগঠিত বিধাননগর পুরনিগমের ওয়ার্ড নং ৩৩ (পুরনো), নতুন ওয়ার্ড নং ২৪–এর এলাকাধীন, হোল্ডিং নং এএফ–১৫৩, রবীন্দ্রপল্লী বাই লেন, তালবাগান, অতিরিক্ত জেলা সাব–রেজিস্ট্রি অফিস– বিধাননগর, সল্টলেক সিটি, বর্তমানে অতিরিক্ত জেলা সাব–রেজিস্ট্রি অফিস রাজারহাট, নিউটাউন, জেলা– উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭০০১০১, **সম্পত্তির স্বত্বধারক শ্রী অমিতাভ উপাধ্যায়। সমগ্র জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– এএফ–১৫২/এ; **দক্ষিণ**– প্লট নং ১৭; **পূর্ব**– আর এস দাগ নং ৩০৮১; **পশ্চিম**– ১৬ ফুট সাধারণ চলাচলের রাস্তা। **(মূল দলিল নং I–২৬৯৫/২০১৭ অনুযায়ী)** | ১) ১৪.০১.২০২৬<br>২) ₹১৮,৬৪,৪১১.২০ (আঠারো লক্ষ চৌঁষট্টি হাজার চারশো এগারো টাকা এবং কুড়ি পয়সা মাত্র) + ঋণ নথির শর্ত ও নিয়মাবলি মোতাবেক চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ ও চার্জ<br>৩) ০৮.০৪.২০২৬ |

তারিখ: ০৯.০৪.২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া



**পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড**
**CIN: L24131WB1948PLC095302**
রেজি. অফিস– বিড়লা বিল্ডিং, ৯/১, আর.এন. মুখার্জি রোড, কলকাতা - ৭০০০০১
ফোন: ০৩৩ ৪০৮২ ৩৭০০/২২২০ ০৬০০, ওয়েবসাইট www.pilaniinvestment.com
ই মেইল: pilani@pilaniinvestment.com

**বাস্তবিক শেয়ার হস্তান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য বিশেষ জানালাতে পুনর্দাখিল**

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ("সেবি") ২০১৯ সালের ১ এপ্রিল থেকে বাস্তবিক শেয়ার হস্তান্তর বন্ধ করে দিয়েছিল। তবে, ২০১৯ সালের ১ এপ্রিলের আগে জমা দেওয়া কিন্তু নথিপত্রের ত্রুটির কারণে ফেরত আসা বাস্তবিক শেয়ার হস্তান্তরের অনুরোধগুলি পুনরায় জমা দেওয়ার জন্য সেবি ২০২৫ সালের ৭ জুলাই থেকে ২০২৬ সালের ৬ জানুয়ারি পর্যন্ত একটি বিশেষ সুযোগ খুলেছিল।
বিনিয়োগকারীদের সুবিধার্থে, সেবি তার ৩০ জানুয়ারী, ২০২৬ তারিখের সার্কুলার নং HO/38/13/11(2)2026-MIRSD-POD/1/3750/2026-এর মাধ্যমে ৫ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারী, ২০২৭ পর্যন্ত এক বছরের জন্য আরও একটি বিশেষ জানালা খোলার সিদ্ধান্ত নিয়েছে। বিশেষ জানালার অধীনে বাস্তবিক শেয়ার হস্তান্তরের জন্য অনুরোধ জমা দেওয়ার সময়, বাধ্যতামূলক শর্তগুলির মধ্যে একটি হল মূল শেয়ার সার্টিফিকেট জমা দেওয়া, যা নিম্নরূপ:

| হস্তান্তর দলিলের সম্পাদনের তারিখ | ১ এপ্রিল, ২০১৯ এর পূর্বে হস্তান্তরের জন্য দাখিল | উপলব্ধ মূল সিকিউরিটি সার্টিফিকেট? | বর্তমান জানালাতে দাখিলের যোগ্যতা |
|---|---|---|---|
| ১ এপ্রিল, ২০১৯ এর পূর্বে | নেই (এটি নতুন দাখিল) | হ্যাঁ | হ্যাঁ |
| | হ্যাঁ (এটি পূর্বে বাতিল/ফেরত হয়েছিল) | হ্যাঁ | হ্যাঁ |
| | হ্যাঁ | না | না |
| | না | না | না |

এছাড়াও, নিম্নলিখিত বিষয়গুলি এই সময়সীমার আওতায় বিবেচনা করা হবে না।
– হস্তান্তরকারী ও হস্তান্তরগ্রহীতার মধ্যে বিরোধ সংক্রান্ত মামলা
– যে শেয়ারগুলি বিনিয়োগকারী শিক্ষা ও সুরক্ষা তহবিলে (আইইপিএফ) স্থানান্তরিত হয়েছে

**দ্রষ্টব্য**: উল্লিখিত সময়কালে পুনরায় দাখিল করা সমস্ত শেয়ার ট্রান্সফার-কাম-ডিম্যাট রুটের মাধ্যমে প্রক্রিয়া করা হবে, অর্থাৎ সেগুলি হস্তান্তরের পরেই ডিম্যাটেরিয়ালাইজড (ডিম্যাট) ফর্মে ইস্যু করা হবে এবং এটি এক বছরের লক-ইন-এর অধীন থাকবে।
যোগ্য শেয়ারহোল্ডার(গণ)-কে পরবর্তী সহায়তার জন্য কোম্পানিতে ইমেল -pilani@pilaniinvestment.com ও/বা এর রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) অর্থাৎ নিশে টেকনোলজিস প্রাইভেট লিমিটেড, ৩এ, অকল্যান্ড প্লেস, ৮ম তলা, রুম নং-৭এ ও ৭বি, কলকাতা ৭০০০১৭ (ইমেল আইডি nichetechpl@nichetechpl.com)-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
এছাড়াও, যেসব শেয়ারহোল্ডার বাস্তবিক আকারে ইক্যুইটি শেয়ার ধারণ করেন, তাদেরকে নিজেদের কেওয়াইসি বিবরণ আপডেট করতে এবং তাদের বাস্তবিক শেয়ারগুলোকে ডিম্যাটেরিয়ালাইজড (ইলেকট্রনিক) ফর্মে রূপান্তর করতে উৎসাহিত করা হচ্ছে। ডিম্যাট ফর্মে শেয়ার ধারণ করা বহুবিধ সুবিধা প্রদান করে এবং বাস্তবিক শেয়ার সার্টিফিকেটের সাথে জড়িত ঝুঁকিগুলো দূর করে।

**পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড–এর পক্ষে**
স্বা/–
**আর. এস. কাশ্যপ**
**কোম্পানি সচিব**
**এফসিএস-৮৫৮৮**

স্থান: কলকাতা
তারিখ ০৯.০৪.২০২৬



**ডিসিবি ব্যাঙ্ক লিমিটেড** — DCB BANK
**রেজিস্টার্ড অফিস:** ৬ নং ফ্লোর, টাওয়ার ‘এ’, পেনিনসুলা বিজনেস পার্ক, সেনাপতি বাপট মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০০১৩

**সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি**

আপনারা, নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), সহ–ঋণগ্রহীতা(গণ) আপনাদের স্থাবর সম্পত্তিগুলি (জামিনসমূহ) বন্ধক রাখার বিনিময়ে **ডিসিবি ব্যাঙ্ক লিমিটেড** থেকে ঋণ/সুবিধা গ্রহণ করেছিলেন। আপনারা খেলাপকারী হওয়ার কারণে আপনাদের ঋণগুলি অনুৎপাদক পরিসম্পদ হিসেবে শ্রেণিবদ্ধ হয়েছে। অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য ডিসিবি ব্যাঙ্ক লিমিটেড সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (উক্ত অ্যাক্ট)–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি জারি করেছিল, যাতে উল্লিখিত বিষয়গুলি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩(১)–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(২) ধারা মোতাবেক এখানে প্রকাশ করা হচ্ছে এবং আপনাদের প্রতি এরূপে পরিষেবিত করা হচ্ছে। ঋণগ্রহীতাগণ, সহ–ঋণগ্রহীতাগণ, বন্ধক রাখা সম্পত্তিসমূহ, অনাদায়ী বকেয়া, ১৩(২) ধারাধীনে প্রেরিত দাবি বিজ্ঞপ্তি এবং এতে দাবিকৃত অর্থাঙ্ক সম্পর্কিত বিশদ তথ্যাবলি এখানে নীচে দেওয়া হল:

| ক্রম নং | ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং লোন অ্যাকাউন্ট নম্বর, ঋণের অর্থাঙ্ক | সুরক্ষিত সম্পত্তির অবস্থান | ১) দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>২) অনাদায়ী বকেয়া<br>৩) এনপিএ–র তারিখ |
|---|---|---|---|
| ১. | ১. মিঃ মোস্তাফা মণ্ডল<br>২. মিসেস সাজিদা বিবি<br>**সকলের ঠিকানা:** জাফরপুর পশ্চিম পাড়া, বসিরহাট–২, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন–৭৪৩৪২৮<br>**লোন অ্যাকাউন্ট নম্বর: DBLABRD00649022**<br>**মঞ্জুরকৃত ঋণের অর্থাঙ্ক:** ₹১৭,৭২,৭৪৪/– | উপরিস্থিত সামান্য কমবেশি ৪০০ বর্গফুট মাপের কাঠামো সমেত সামান্য কমবেশি ৮.১৭ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– জাফরপুর, আর এস এবং এল আর দাগ নং ১০৮, এল আর খতিয়ান নং ৮৬৮৫ ও ৮৬৮৩, জে এল নং ৬২, ঘোড়ারাশ কুলীনগ্রাম গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা– বসিরহাট, এডিএসআর বসিরহাট এবং ডিএসআর বারাসত, জেলা– উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– কাবুল আহমেদের সম্পত্তি; দক্ষিণ– ১০ ফুট চওড়া রাস্তা; পূর্ব– হবিবর রহমানের সম্পত্তি; পশ্চিম– কাবুল আহমেদের সম্পত্তি (সুরক্ষিত পরিসম্পদ)। | ১) ২৪.০৩.২০২৬<br>২) ₹১৮,২০,৮৩৪.০৩ (আঠারো লক্ষ কুড়ি হাজার আটশো চৌত্রিশ টাকা এবং তিন পয়সা মাত্র), ২৪ মার্চ, ২০২৬ অনুযায়ী<br>৩) এনপিএর তারিখ: ০৪.০৩.২০২৬ |
| ২. | ১. মিঃ সাগ্নিক বসু<br>২. মিসেস সুতপা বসু<br>**সকলের ঠিকানা:** ফ্ল্যাট নং সি–৪, ২ নং ফ্লোর, হুগলি, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন–৭১২২৩২<br>**লোন অ্যাকাউন্ট নম্বর: DBLAHOW00638590**<br>**মঞ্জুরকৃত ঋণের অর্থাঙ্ক:** ₹১০,৬৯,৪১৪/– | সামান্য কমবেশি ২ কাঠা ৮ ছটাক ৪১ বর্গফুট জমিতে নির্মিত জি+৩ তলা ভবনের ফার্স্ট ফ্লোরে পশ্চিম অংশে অবস্থিত সামান্য কমবেশি ৬৬৭ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া (কার্পেট এরিয়া সামান্য কমবেশি ৪৬৮ বর্গফুট) বিশিষ্ট ফ্ল্যাট নং ২–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: দাগ নং ২৪৬০, খতিয়ান নং ৪৮১৭ (পুরনো দাগ নং ১০৯৬, খতিয়ান নং ২৪২৫), মৌজা– ভদ্রকালী, জে এল নং ৯, হোল্ডিং নং ৭/২, শান্তি নগর স্ট্রিট (বর্তমান হোল্ডিং নং ২, এমকেটি সরণি), ওয়ার্ড নং ১১–এর অধীন, উত্তরপাড়া কোতরং পুরসভার এলাকাধীন, থানা– উত্তরপাড়া, এডিএসআর শ্রীরামপুর ও উত্তরপাড়া এবং ডিএসআর হুগলি, জেলা– হুগলি, তৎসহ এর সঙ্গে সম্পর্কিত যাবতীয় এজমালি ও আধা–এজমালি সুবিধা ভোগদখলের সমানাধিকার। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা**: উত্তর– প্রয়াত নরেন বসুর বাড়ি; দক্ষিণ– প্রয়াত শচীন্দ্র কুমার সাহার বাড়ি; পূর্ব– মিঃ দেব (চানু)–এর সম্পত্তি; পশ্চিম– শান্তি নগর স্ট্রিট / এমকেটি সরণি। (সুরক্ষিত পরিসম্পদ)। | ১) ২৪.০৩.২০২৬<br>২) ₹১১,২২,৫৭৯.০০ (এগারো লক্ষ বাইশ হাজার পাঁচশো উনআশি টাকা মাত্র), ২৪ মার্চ, ২০২৬ অনুযায়ী<br>৩) এনপিএর তারিখ: ০৪.০৩.২০২৬ |

এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরবর্তীতে উদ্ভূত সুদ সমেত ওপরে উল্লিখিত ও দাবিকৃত অর্থাঙ্ক পুরোপুরি আদায় দেওয়ার জন্য ঋণগ্রহীতা(গণ) ও সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) হিসেবে এতদ্দ্বারা আপনাদের প্রতি আহ্বান জানানো হচ্ছে, যার অন্যথা হলে উপরিবর্ণিত জামিনগুলি ক্রোকের জন্য উক্ত অ্যাক্টের অধীনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে নিম্নস্বাক্ষরকারী বাধ্য হবেন। উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতিও আপনাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে, যেগুলি মোতাবেক উপরিলিখিত সংস্থানে নির্ধারিত সময়সীমার মধ্যে আপনারা উক্ত সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়িয়ে নিতে পারবেন। অনুগ্রহপূর্বক এই বিষয়টি খেয়াল রাখবেন, উক্ত অ্যাক্টের ১৩(১৩) নং ধারার সংস্থান অনুযায়ী আমাদের অনুমতি ছাড়া বিক্রি, ইজারা বা অন্য কোনও উপায়ে উপরিলিখিত সুরক্ষিত সম্পত্তিগুলি আপনারা হস্তান্তর করতে পারবেন না।

**তারিখ: ১০.০৪.২০২৬**
**স্থান: উত্তর ২৪ পরগনা, হুগলি (পশ্চিমবঙ্গ)**

**ডিসিবি ব্যাঙ্ক লিমিটেড–এর পক্ষে**
**অনুমোদিত আধিকারিক**



আজকাল
**কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন**
১২টি শব্দ ২৫০ টাকা অতিরিক্ত শব্দ ১৮ টাকা